

## বিএসএমএমইউ'র সকল কার্যক্রম ডিজিটলাইজড করার লক্ষ্যে নতুন বছরের প্রথম দিনে ক্যাম্পাস নেটওয়ার্কও স্থাপন কার্যক্রমের শুভ উদ্বোধন

ক্যাম্পাস নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে বঙ্গবন্ধু কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নে আরেক ধাপ এগোলো বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। এরমাধ্যমে রোগীদের হালনাগদের তথ্যসমূহ সংরক্ষণ করা, ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে বাধাসমূহ দূরীকরণসহ বিভিন্ন সুবিধা সৃষ্টি ও সম্প্রসারিত হবে এবং বিশ্ববিদ্যালয়ের পেপারলেস কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ভবিষ্যতে রোগীরা অনলাইনের মাধ্যমে তাঁদের প্রয়োজনীয় তথ্যসমূহ পাবেন। এ বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম ডিজিটলাইজড করার লক্ষ্যে নতুন বছরের প্রথম দিন আজ সোমবার ১ জানুয়ারি ২০১৮, সকাল ৯টা ৩০ মিনিটে ডা. মিল্টন হলে ক্যাম্পাস নেটওয়ার্কও স্থাপন কার্যক্রম উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল। এতে সভাপতিত্ব করেন পরিচালক (আইটি) এ আর আজিমুল হক রায়হান। আরো উপস্থিত ছিলেন সম্মানিত ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন প্রমুখ। পরে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বি লকের ২য় তলায় বিএসএমএমইউ নেটওয়ার্ক অপারেশন সেন্টারে ফিতা কেটে ক্যাম্পাস নেটওয়ার্কও স্থাপন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

প্রধান অতিথির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, বর্তমানে দেশ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সকল ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে। তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের ক্ষেত্রেও বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ও এক্ষেত্রে অনেক দূর এগিয়ে গেছে। ক্যাম্পাস নেটওয়ার্কও স্থাপনের মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ের পেপারলেস তথা অটোমেশন কার্যক্রম বাস্তবে রূপ নিতে যাচ্ছে। চিকিৎসা শিক্ষা, সেবা, গবেষণা, প্রশাসনিক কার্যক্রমসহ রোগীদের কল্যাণে বিজ্ঞানের বিস্ময়কর আবিষ্কার তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। মাননীয় উপাচার্য আরো বলেন, ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে মাল্টি ডিসিপ্লিনারি সেমিনার আয়োজনের মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো থার্ডি ফাস্ট ডে পালন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সেমিনার সাব কমিটির উদ্যোগে আয়োজিত ওই সেমিনারে বিশেষ বৈশিষ্ট্য হলো বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্টবৃন্দ তথ্যসমৃদ্ধ ও জ্ঞানলব্ধ প্রবন্ধসমূহ উপস্থাপন করেন।

